রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, অক্টোবর ২৮, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ কার্তিক ১৪২২/২৮ অক্টোবর ২০১৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৫.২৭৩—মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা বাংলাদেশ সরকারের মনোনয়নে আগামী নভেম্বর মাসের শুরুতে বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব গ্রহণ করবেন। মন্ত্রিপরিষদ সচিব হিসাবে মন্ত্রিসভা-বৈঠকে তাঁর শেষ উপস্থিতির দিনে মন্ত্রিসভা দীর্ঘ চাকরি-জীবনে তাঁর মূল্যবান অবদানের কথা স্মরণ করে। জনাব ভূইঞা ১৯৮১ সনের জানুয়ারি মাসে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। চাকরি-জীবনে তিনি সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, স্বশাসিত সংস্থা, মাঠপ্রশাসন, প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনে কর্মরত ছিলেন। ইতঃপূর্বে তিনি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। এছাড়া, তিনি পরিকল্পনা কমিশনের সদস্য (ভৌত অবকাঠামো) এবং বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব হিসাবে জনাব ভূইঞা বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক এবং ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি)-এর বিকল্প গভর্নর ছিলেন। এক পর্যায়ে তিনি বাংলাদেশ সরকারের মনোনয়নে আইডিবির নির্বাহী পরিচালক পদে নির্বাচিত হন। এছাড়া তিনি মাঠপর্যায়ে জেলা প্রশাসকসহ বিভিন্ন পদে কর্মরত ছিলেন।

২। জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা ৩ অক্টোবর ২০১১ তারিখ হতে গত চার বছর অত্যন্ত দক্ষতার সঙ্গে মন্ত্রিপরিষদ সচিবের দায়িত্ব পালন করেছেন। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মন্ত্রিসভাকে সর্বাত্মক সহায়তা প্রদান ছাড়াও সরকারের নীতি ও কর্মসূচির বাস্তবায়ন-সমন্বয় ও পরিবীক্ষণের ক্ষেত্রেও তিনি নিষ্ঠা ও প্রজ্ঞার স্বাক্ষর রেখেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে মন্ত্রিসভার প্রত্যেক বৈঠকের পর প্রেস ব্রিফিং-এর দায়িত্ব তিনি সুচারুভাবে সম্পাদন করেছেন। সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নে তিনি সক্রিয় ভূমিকা পালন করেছেন। বাংলাদেশের নিজস্ব অভিজ্ঞতার আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর পৃষ্ঠপোষকতায় একটি লক্ষ্যাভিমুখী



**মূল্য ঃ** টাকা ৪·০০

কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের প্রক্রিয়ায় তিনি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সচিবদের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করেছেন, যা দেশের প্রশাসনিক ব্যবস্থায় নবধারার সূচনা করেছে। মন্ত্রিপরিষদ বিভাগের কার্যক্রমে গুণগত পরিবর্তন আনয়নের ক্ষেত্রেও তিনি উদ্যোগী ভূমিকা রেখেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে শক্তিশালী অংশীদারিত্বের মাধ্যমে জনপ্রশাসনে উদ্ভাবনী সংস্কৃতির বিকাশ এবং মাঠ প্রশাসনের সহায়তায় দেশব্যাপী ই-গভর্ন্যান্স বিস্তারে তিনি গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।

৩। জনাব মোশাররাফ হোসাইন ভূইঞা প্রায় ৩৫ বছর যাবৎ সততা, দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছেন।

৪। সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং সেই সঙ্গে বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করে মন্ত্রিসভার ১১ কার্তিক ১৪২২/২৬ অক্টোবর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৫। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উল্লিখিত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আবদুল ওয়াদুদ
অতিরিক্ত সচিব

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

১১ কার্তিক ১৪২২

ঢাকা :--------------------------

২৬ অক্টোবর ২০১৫

মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা বাংলাদেশ সরকারের মনোনয়নে আগামী নভেম্বর মাসের শুরুতে বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব গ্রহণ করবেন। মন্ত্রিপরিষদ সচিব হিসাবে মন্ত্রিসভা-বৈঠকে তাঁর শেষ উপস্থিতির এই দিনে মন্ত্রিসভা দীর্ঘ চাকরি-জীবনে তাঁর মূল্যবান অবদানের কথা স্মরণ করছে। জনাব ভূইঞা ১৯৮১ সনের জানুয়ারি মাসে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। চাকরি জীবনে তিনি সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, স্বশাসিত সংস্থা, মাঠপ্রশাসন, প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনে কর্মরত ছিলেন। ইতঃপূর্বে তিনি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। এছাড়া, তিনি পরিকল্পনা কমিশনের সদস্য (ভৌত অবকাঠামো) এবং বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব হিসাবে জনাব ভূইঞা বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক এবং ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি)-এর বিকল্প গভর্নর ছিলেন। এক পর্যায়ে তিনি বাংলাদেশ সরকারের মনোনয়নে আইডিবির নির্বাহী পরিচালক পদে নির্বাচিত হন। এছাড়া তিনি মাঠপর্যায়ে জেলা প্রশাসকসহ বিভিন্ন পদে কর্মরত ছিলেন।

জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা ৩ অক্টোবর ২০১১ তারিখ হতে গত চার বছর অত্যন্ত দক্ষতার সঙ্গে মন্ত্রিপরিষদ সচিবের দায়িত্ব পালন করেছেন। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মন্ত্রিসভাকে সর্বাত্মক সহায়তা প্রদান ছাড়াও সরকারের নীতি ও কর্মসূচির বাস্তবায়ন-সমন্বয় ও পরিবীক্ষণের ক্ষেত্রেও তিনি নিষ্ঠা ও প্রজ্ঞার স্বাক্ষর রেখেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে মন্ত্রিসভার প্রত্যেক বৈঠকের পর প্রেস ব্রিফিং-এর দায়িত্ব তিনি সুচারুভাবে সম্পাদন করেছেন। সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নে তিনি সক্রিয় ভূমিকা পালন করেছেন। বাংলাদেশের নিজস্ব অভিজ্ঞতার আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর পৃষ্ঠপোষকতায় একটি লক্ষ্যাভিমুখী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের প্রক্রিয়ায় তিনি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সচিবদের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করেছেন, যা দেশের প্রশাসনিক ব্যবস্থায় নবধারার সূচনা করেছে। মন্ত্রিপরিষদ বিভাগের কার্যক্রমে গুণগত পরিবর্তন আনয়নের ক্ষেত্রেও তিনি উদ্যোগী ভূমিকা রেখেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে শক্তিশালী অংশীদারিত্বের মাধ্যমে জনপ্রশাসনে উদ্ভাবনী সংস্কৃতির বিকাশ এবং মাঠ প্রশাসনের সহায়তায় দেশব্যাপী ই-গভর্ন্যান্স বিস্তারে তিনি গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।

জনাব মোশাররাফ হোসাইন ভূইঞা প্রায় ৩৫ বছর যাবৎ সততা, দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছেন।

সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় মন্ত্রিসভা মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছে এবং সেই সঙ্গে বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd